# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪০২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বিতর সালাত ফরয নয় মর্মে হাদীস

ِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْوِتْرَ لَيْسَ بفرض

আরবী

2402 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ عَنِ الْأَوْزَاعِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ عَنْ أَبِي أَيُّوبَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (الْوِتْرُ حَقٌّ فَمَنْ شَاءَ فَلْيُوتِرْ بِخَمْسٍ وَمَنْ شَاءَ فَلْيُوتِرْ بِثَلَاثٍ وَمَنْ شَاءَ فَلْيُوتِرْ بِوَاحِدَةٍ)

الراوي : أَبُو أَيُّوبَ الْأَنْصَارِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2402 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1278)، ((صلاة التراويح)) (99)، ((المشكاة)) (1265).

বাংলা

২৪০২. আবূ আইয়ূব আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “বিতর সালাত পড়া হক বা দায়িত্ব। সুতরাং যে ব্যক্তি পাঁচ রাকা‘আত বিতর আদায় করতে চায়, সে যেন তা-ই বিতর পড়ে, যে ব্যক্তি তিন রাকা‘আত বিতর পড়তে চায়, সে যেন তা-ই বিতর পড়ে আর যে ব্যক্তি এক রাকা‘আত বিতর পড়তে চায়, সে যেন তা-ই পড়ে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪১৮; দারেমী: ১/৩৭১; আবূ দাউদ: ১৪২২; তাবারানী: ৩৯৬২; তাহাবী: ১/২৯১; দারাকুতনী: ২/২২; সুনান বাইহাকী: ৩/২৭; হাকিম: ১/৩০২; নাসাঈ: ৩/২৩৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৬৩৩; নাসাঈ: ৩/২৩৮-২৩৯; তাহাবী: ১/২৯১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১২৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91725

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন